

## উপজেলা পরিক্রমা

### চাটমোহর

॥ মোঃ রাজা আলি ॥

পাবনা জেলার অবহেলিত ও উপেক্ষিত উপজেলা চাটমোহর। ১২০.৮৮ বর্গমাইল আয়তন বিশিষ্ট এই উপজেলার লোকসংখ্যা ১ লাখ ৮৩ হাজার ৪শ' ৪৮ জন। এর মধ্যে ৯৪ হাজার ৮শ' ৫৫ জন পুরুষ এবং ৮৮ হাজার ৫শ' ৯৪ জন মহিলা। এই উপজেলায় ১০টি ইউনিয়নে ১শ' ৭০টি মৌজা এবং ২শ' ৩০টি গ্রাম রয়েছে। বর্তমানে এই উপজেলায় নানাবিধ সমস্যা প্রকট আকার ধারণ করেছে। সমস্যার মধ্যে স্বাস্থ্য, কৃষি, শিক্ষা, যোগাযোগ, টেলিফোন, বিদ্যুৎ, আবাসিক সমস্যা প্রধান।

#### স্বাস্থ্য

এখানে ১টি উপজেলা স্বাস্থ্য কেন্দ্র, ১টি পরিবার পরিকল্পনা কেন্দ্র, ২টি পল্লী স্বাস্থ্য কেন্দ্র, ২টি পরিবার কল্যাণ কেন্দ্র ও ১টি পশু চিকিৎসালয় রয়েছে। স্বাস্থ্য কেন্দ্রের অবস্থা খুবই শোচনীয়। প্রয়োজনের তুলনায় ওষুধ সরবরাহ অত্যন্ত কম। অধিকাংশ সময়ে ডাক্তারের ব্যবস্থাপত্র নিয়ে বেশী মূল্য দিয়ে বাইরে থেকে ওষুধ কিনতে হয়। এক্সরে মেশিন দীর্ঘদিন যাবত একেজো অবস্থায় থাকার জন্য জনসাধারণের কোন উপকারে আসছে না। এখানে কোন এম্বুলেন্স নেই। প্রয়োজনে মুমূর্ষু রোগী স্থানান্তরের জন্য পাবনা থেকে আনতে হয়।

#### কৃষি

চাটমোহর উপজেলা কৃষক পরিবারের সংখ্যা ৩২ হাজার। আবাদী জমির পরিমাণ ৬০ হাজার একর, অনাবাদী জমির পরিমাণ ২৪ হাজার ৪শ' ৩৮ একর। সেচের আওতাধীন জমির পরিমাণ ১৮ হাজার একর। কৃষি পণ্যের মধ্যে রয়েছে উচ্চ ফলনশীল ধান, পাট, গম, সরিষা ও আখ। আধুনিক চাষাবাদের অভাব, উন্নত সেচ ব্যবস্থা ও পানি নিষ্কাশনের সুষ্ঠু ব্যবস্থা না থাকায় এই উপজেলায় প্রতি বছর শত শত একর জমির ফসল নষ্ট হয়।

#### শিক্ষা

এ উপজেলায় শিক্ষার হার শতকরা ১৭ জন। এখানে ১টি কলেজ, ১৩টি মাধ্যমিক বিদ্যালয় তার মধ্যে ১২টি বালক ও ১টি বালিকা বিদ্যালয় রয়েছে। ৪টি জুনিয়র বিদ্যালয়, ৯১টি প্রাথমিক বিদ্যালয় ও এবতেদায়ীসহ ২৯টি জুনিয়র ও সিনিয়র মাদ্রাসা রয়েছে। বিদ্যালয়গুলো বহুবিধ সমস্যায় জর্জরিত। সংস্কার না করার ফলে, প্রাথমিক বিদ্যালয়গুলো জরাজীর্ণ হয়ে পড়েছে। বেঞ্চ, চেয়ার ও টেবিলের অভাবে মাটিতে ক্লাস চালাতে হচ্ছে। এ ছাড়া শিক্ষক সমস্যা রয়েছে।

#### যোগাযোগ

এ উপজেলার যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত শোচনীয়। জেলা সদরের সাথে সরাসরি যোগাযোগের ২০ মাইল দীর্ঘ একটি মাত্র পাকা সড়ক পথ। এ সড়ক পথের চিকনাই নদীর উপর নির্মীয়মাণ ব্রীজটি দীর্ঘ ২ বছরেও নির্মাণ কাজ সমাপ্ত না হওয়ায় এ পথে যাতায়াতে বিলম্ব হয়। তাছাড়া জোড়া নৌকায় করে যানবাহন পারাপার করতে গিয়ে প্রায়ই দুর্ঘটনা ঘটছে। উপজেলার ১০ মাইল পাকা রাস্তা ও ৮ মাইল আধা পাকা রাস্তা রয়েছে। সংস্কার না করার ফলে, চাটমোহর স্টেশন থেকে নতুন বাজার পর্যন্ত যানবাহন চলাচল ঝুঁকিপূর্ণ হয়ে দাঁড়িয়েছে। জেলা বোর্ড পরিচালিত ২০ মাইল, উপজেলা পরিচালিত ৮৫ মাইল ও ইউনিয়ন পরিষদ পরিচালিত ৮৩ মাইল রাস্তা রয়েছে। এ ছাড়া উপজেলার অভ্যন্তরে ১৮৮ মাইল কাঁচা রাস্তা বর্ষা মওসুমে চলাচলে অযোগ্য হয়ে পড়ে।

#### টেলিফোন

এখানে একটি টেলিফোন এক্সচেঞ্জ রয়েছে। ডায়ালিং পদ্ধতি না থাকায় গ্রাহকদের সীমাহীন দুর্ভোগ পোহাতে হয়। লোকাল এবং দেশের অন্যান্য শহরে এক্সচেঞ্জের মাধ্যমে কথা বলতে হয়। ডায়ালিং পদ্ধতি থাকলে অন্ততঃ লোকাল কলে গ্রাহকদের এত কষ্ট ভোগ করতে হতো না।

#### হাট-বাজার

উপজেলার হাট-বাজারগুলো সংস্কার ও সম্প্রসারণ না করার ফলে বর্ষা মওসুমে হাটুদের সীমাহীন দুর্ভোগ পোহাতে হয়। হাট-বাজারগুলো কাঁচা ও নর্দমায় পরিণত হয়।

#### বিদ্যুৎ

উপজেলায় অধিকাংশ ইউনিয়নেই বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা এখনও হয়নি। তাছাড়া বিদ্যুৎ বিভাগের আওতাধীন এলাকায় নিয়মিত বিদ্যুৎ সরবরাহ না হওয়ায় এলাকাবাসী অতিষ্ঠ হয়ে উঠেছে।

#### আবাসিক সমস্যা

প্রশাসনিক বিকেন্দ্রীকরণের ফলে চাটমোহর উপজেলায় উন্নীত হবার পর এখানে আবাসিক সমস্যা প্রকট আকার ধারণ করেছে। সরকারী চাকরিজীবীদের প্রয়োজনের তুলনায় বাসা অত্যন্ত কম হওয়ায় সীমাহীন দুর্ভোগ পোহাতে হচ্ছে। এ ছাড়া বেসরকারী বাসা ভাড়ার প্রচলন কম এবং বাসা ভাড়া অত্যন্ত বেশী হবার ফলে চাকরিজীবীদের বিপাকে পড়তে হচ্ছে।